

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৯ আষাঢ় ১৪২৭/১৩ জুলাই ২০২০

নং ১৭.০০.৩৯১৫.০৩৫.৪৬.১২৯.১৩(অংশ-১)-২৭৭।—মাননীয় আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চ সিপিএলএ নং-২২২০/২০১৯ এর ২০ জানুয়ারি ২০২০ তারিখের আদেশে রিট পিটিশন নং-১০৭৫৯/২০১৮ এর ২৩ এপ্রিল ২০১৯ তারিখের প্রদত্ত রায় ও আদেশ বহাল থাকায় ইতিপূর্বে সিপিএলএ নং-২২২০/২০১৯ এর ২৭ আগস্ট ২০১৯ তারিখের আদেশের প্রেক্ষিতে ১৬ নভেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২৫০২১ নং পৃষ্ঠায় প্রকাশিত ১৭.০০.৩৯১৫.০৩৫.৪৬.১২৯.১৩-১৩১৫নং স্মারকের প্রজ্ঞাপনটি বাতিল করে জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলাধীন ০৩নং পারারামরামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে আদেশের কপি প্রাপ্তির ০৪ মাসের মধ্যে পুনঃনির্বাচন অনুষ্ঠানের আইনগত বাধ্যবাধকতা থাকায় নির্বাচন কমিশন এতদ্বারা গত ২১ জুন ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১০৬০৫ নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত ‘পারারামরামপুর’ এর বিপরীতে ২নং কলামে বর্ণিত ‘মোঃ ফজলে রাকী, পিতা-মৃত গাজী নাছির উদ্দিন, গ্রাম-তারাতিয়া’ এবং ৩নং কলামে বর্ণিত ‘বাংলাদেশ আওয়ামী লীগ’ ও ৫নং কলামে বর্ণিত ‘চেয়ারম্যান’ শব্দ ও চিহ্নসমূহ বিলুপ্ত করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৭৩৩৫)

মূল্য : টাকা ৪.০০